AQA

# GCSE
# BENGALI

H

Higher Tier Paper 1 Listening Test Transcript

Wednesday 10 June 2020 Afternoon Time allowed: 45 minutes approximately
(including 5 minutes' reading time before the test)

FOR INVIGILATOR'S USE ONLY

- **The pauses are pre-recorded for this test**.

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer all the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **You must not ask questions or interrupt during the test.***
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now**.

Once the recording has started, the invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

## Section A

Questions and answers in **English**.

**0 1** **F2** পৃথিবীর তাপমাত্রা বেড়ে যাওয়ায় উত্তর মেরুতে বরফ গলছে। এর ফলে বরফগলা পানির নীচে ডুবে যেতে পারে সাগরতীরের অনেক শহর। তবে বরফ গলার ফলে মেরুপথে গরমকালে চীন বা জাপান থেকে ইউরোপে আসার সাগর পথের দূরত্ব কমবে।

**0 2** **M1** আমিও মনে করি একই কারণে ইউরোপে জাহাজে মালামাল আনতে সময় কম লাগবে। খরচও কম হবে। অবশ্য অনেক এলাকার পশুপাখির থাকার জায়গা নষ্ট হবে।

**0 3** **M2** শরীর ভালো রাখতে তুমি কী করো মাহিমা?

**F2** খাবারের তালিকায় ফল থাকলেও শরীর ভালো রাখার জন্য আমার সবচেয়ে কাজে লাগে নিয়মিত সাইকেল চালানো।

**0 4** **F2** শরীর ভালো রাখতে তুমি কী করো ফাহিম?

**M2** আমি নিয়মিত সকালের নাশ্‌তা করি। তবে রাতে নিয়ম করে আট ঘন্টা ঘুমানো আমার শরীর ভালো রাখতে বেশি সাহায্য করে।

**0 5** **M2** আর শরীর ভালো রাখতে তুমি কী করো আনিমা?

**F1** খাওয়ার শেষে আমি প্রচুর পানি পান করি। তবে শরীর ভালো রাখতে আমার সবচেয়ে বেশি উপকারে আসে সন্ধ্যায় বাইরে হাঁটতে যাওয়া।

**0 6** **M1** ব্রিটেনের স্কুলগুলোতে ভাষা শেখার ব্যবস্থার পরিবর্তন হয়েছে। আগে স্কুলগুলোতে জিসিএসইতে বিজ্ঞান, অঙ্ক, ইংরেজি এইসব বিষয়ের পাশাপাশি ছেলেমেয়েরা তাদের পছন্দের বিষয়গুলোতে পরীক্ষা দিতো। তখন একটি ভাষা শেখা তেমন গুরুত্ব পেতো না। এখন ছেলেমেয়েরা একটি ভাষা জিসিএসইতে পছন্দ করতে পারে। ভবিষ্যতে নিজেকে যোগ্য করতে আগামী স্কুলবর্ষ থেকে বেশিরভাগ স্কুলগুলোতে সকল ছাত্র-ছাত্রীদের জন্য একটি ভাষা শেখা বাধ্যতামূলক করা হবে।

**0 7** **F1** আজকাল ছেলেমেয়েরা সোশ্যাল মিডিয়াতেই বেশি সময় কাটায়। বন্ধুদের মাধ্যমে অপরিচিত লোকজনের সাথেও তাদের যোগাযোগ হয়। অনেক সময় কিছু ব্যক্তিগত তথ্য সবার কাছে ফাঁস হয়ে যায়। শতকরা ২০ ভাগ ছেলেমেয়ে সোশ্যাল মিডিয়াতে এ ধরনের বিব্রতকর পরিস্থিতির মুখোমুখি হয়।

**0 8** **F1** সোশ্যাল মিডিয়া ছেলেমেয়েদের জীবনযাপনেও প্রভাব ফেলে। নানা রকমের বিজ্ঞাপনে সুন্দর চেহারা ও শারীরিক গঠনের মানুষের সাথে নিজেকে তুলনা করতে শুরু করে। এর ফলে অনেকেই নিজেকে নিয়ে হতাশায় ভোগে।

**0 9** **M2** এটা ছিলো আমার কাজের জন্যে প্রথম ইন্টারভিউ। আমার লেখাপড়া, বিভিন্ন প্রশ্নের উত্তর, এসবের প্রস্তুতি নিয়েছি। ইন্টারভিউয়ের আগের দিন নতুন পোশাক পরে নিজেকে কেমন লাগছে দেখে নিতে ভুল করিনি। ভেবেছিলাম চিন্তায় আগের রাতে ভালো ঘুম হবে না। তবে ঘুম ভালোই হয়েছিলো। পুরোপুরি আত্মবিশ্বাসী হয়ে ইন্টারভিউয়ে গেলাম। দিন শেষে ফোনে জানতে পারলাম আমাকে তাঁরা কাজের জন্য বেছে নিয়েছেন।

**1 0** **M1** চীন মহাকাশে 'ফেইক মুন' বা 'নকল চাঁদ' পাঠানোর কথা ভাবছে। বিশাল আয়নাসহ একটি স্যাটেলাইট পাঠিয়ে মহাকাশে এই 'নকল চাঁদ' বসানো হবে।

**1 1** **F2** বিজ্ঞানীরা দাবী করছেন প্রাকৃতিক দুর্যোগের সময় কোনো এলাকা যদি রাতের অন্ধকারে ডুবে যায় তখন এই 'নকল চাঁদের' আলোয় এলাকাটি আলোকিত করা যাবে।

**M1** আবার কোনও কোনও বিজ্ঞানীরা বলছেন রাতের বেলায় সব সময় আলো থাকলে রাতের অন্ধকারে খাবারের খোঁজে চলাফেরা করে এমন পশুপাখিদের অসুবিধা হবে।

**1 2** **F2** এখন বাংলাদেশ আগের মতো একটি পিছিয়ে পড়া দেশ আর নেই। বাংলাদেশ এখন মেয়েদের উন্নতির ক্ষেত্রে বেশ এগিয়ে আছে। এই দেশের সরকারপ্রধান হিসেবে একজন মহিলা বিশ্বে সবচেয়ে বেশি সময় ধরে ক্ষমতায় আছেন।

**1 3** **F2** বাংলাদেশে সেকেন্ডারি স্কুলে মেয়েদের যাওয়ার আগ্রহ বাড়াতে অনেকদিন ধরে আর্থিক সাহায্যের ব্যবস্থা রাখা হয়েছে।

**1 4** **F2** পুরুষ ও মহিলাদের সমান অধিকার রক্ষায় বাংলাদেশ দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে ওপরে। এই সমতা রক্ষায় পাকিস্তান ও ভারতও বাংলাদেশের পেছনে।

**1 5** **M2** আমার প্রিয় শখ বন্ধুর সাথে ছায়াছবি দেখা। বাড়তি সুবিধা হিসেবে এক টিকেটের দাম দিয়ে দু'জন ছবি দেখতে পারি। তাই অসুবিধা হয় না।

**1 6** **F1** স্কুলের পরে আমি পাশের আইডিয়া স্টোরে দাবা খেলতে যাই। এটি একটি জটিল খেলা। আমি কখনই জিতি না। তাই ঠিক করেছি আর খেলবো না।

**1 7** **M1** আমি অবসর সময়ে সেতার আর বাঁশি বাজাই। আমি যখন প্রিয় গানগুলোর সুর বাজাই মানুষ মুগ্ধ হয়ে শোনে। এই সুরগুলোর মধ্যে আমি নিজেকে পুরোপুরি হারিয়ে ফেলি।

**1 8** **F2** আমি আমার বন্ধুদের সাথে বিকেলে ফুটবল খেলি। খেলে বেশ আনন্দ পাই। ফুটবল খেলতে অনেক পরিশ্রম হয়। খেলা শেষে এতো ক্লান্ত হই যে হাঁটতেই পারি না।

**Turn over ▶**

**1 9** **M2** প্রতি বছরের মতো এই বছরেও চলছে বাংলা নাটকের উৎসব। এই আয়োজনে গত সপ্তাহে ছিলো বাংলা নাটক 'ব্রিক লেইন'। নাটকটির মূল কাহিনী বর্ণবাদ নিয়ে সাজানো। এতে ফুটে উঠেছে আলতাব আলী'র জীবন। আগামী সপ্তাহে আছে 'এক বীর সেনার কাহিনী'। এর প্রধান বিষয়বস্তু বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ। এক মুক্তিযোদ্ধার যুদ্ধ করা নিয়ে এই নাটক। এই সপ্তাহে চলছে নাটক 'চতুরঙ্গ'। নানা রকম গল্প ফুটিয়ে তোলা হয়েছে এই নাটকে। এটি আসলে একটি হাসির নাটক।

**2 0** **M1** রেশমা, তুমি কি নিয়মিত স্কুলে যেতে?

**F1** না, আমি প্রায়ই স্কুল পালিয়ে এদিক সেদিক ঘুরে বেড়াতাম।

**M1** তাই! এর ফলে তোমার কি লেখাপড়ার ক্ষতি হতো না?

**F1** হ্যাঁ, তা তো বটেই। আমি পরীক্ষায় পাশই করিনি। নাদিম, তোমার অভিজ্ঞতা কেমন?

**M1** মোটামুটি ভালোই ছিলো। তবে পি ই বিষয় ছাড়া।

**F1** কেন?

**M1** আমার পি ই শিক্ষক খুব কঠোর ছিলেন। অবশেষে আমি পি ই বিষয় ছেড়েই দিয়েছিলাম।

**2 1** **F2** আমি নার্গিস। বিজয় দিবস ১৬ই ডিসেম্বরে আমি বিজয় মেলায় যাই। তবে, আমার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো লাল-সবুজ রঙের শাড়ি পরা।

**2 2** **M2** আমি সোহেল। আমিও লাল-সবুজ রঙের পাঞ্জাবি পরি। কিন্তু ১৬ই ডিসেম্বরের দিনে আমার বাড়িতে বাংলাদেশের জাতীয় পতাকা ওড়াতেই হবে।

**2 3** **F1** আমি লুনা। বিজয় দিবসে বন্ধুদের সাথে আমাকে জাতীয় সঙ্গীত গাইতে হয়। তবে, সাভারের স্মৃতিসৌধে ফুল দেওয়া ছাড়া আমি ১৬ই ডিসেম্বর দিনটিকে ভাবতেই পারি না।

**2 4** **M1** আমি নাজমুল। চট্টগ্রাম সমুদ্রবন্দরের পাশেই আমাদের বাড়ি। বাড়ির চিলেকোঠাটি আমার সবচেয়ে পছন্দের।

**F2** আমি সালমা। আমার দেশের বাড়ি সিলেটে। অনেক বড় জায়গা নিয়ে আমাদের বাড়ি। বাড়ির খুব কাছেই আমাদের নিজস্ব খামার বাড়ি।

**2 5** **F1** আমাদের পরীক্ষা কেন্দ্র ছিলো আমাদের স্কুল থেকে দূরের আরেকটি স্কুলে। বন্ধুদের সাথে গাড়িতে করে সেখানে যেতে হতো। পরীক্ষার দিন সকালে ভয় হতো যদি যানজটের কারণে পৌঁছুতে দেরি হয়! আর পরীক্ষার হলে সব অচেনা শিক্ষক। তাঁদের গম্ভীর চেহারা দেখে আরও ঘাবড়ে যেতাম! নিজের স্কুলের বন্ধুদের সাথে পরীক্ষার কেন্দ্রে যেতে মজাই লাগতো। যাওয়ার পথে আমরা একটু আধটু পরীক্ষার প্রস্তুতি আর কার পরীক্ষা কেমন হচ্ছে সেটা নিয়ে কথা বলতাম। তবে দুই পরীক্ষার বিরতিতে বন্ধুদের সঙ্গে মিলেমিশে রিভিশন করতে আনন্দই পেতাম!

## Section B

Questions and answers in **Bengali**.

**2 6** **F2** শিক্ষকতা একটি ভালো কাজ। প্রতিবছর অনেক ছুটি পাওয়া যায়। পরিবারের সাথে সময় কাটানো যায়। তবে শিক্ষকদের কাজের তুলনায় আয় অনেক কম। আরেকটি ভালো কাজ হলো বিমান চালানো। এই কাজে যথেষ্ট অর্থ উপার্জন করা যায়। তবে পরিবার ছেড়ে প্রায়ই দেশ-বিদেশে ভ্রমণ করতে হয়।

**2 7** **M2** উপস্থিত অতিথিবৃন্দ! আজ এসেম্বলিতে আমাদের সাথে আছে ইংল্যান্ডের পার্টনার স্কুলের একজন শিক্ষক ও দুইজন শিক্ষার্থী। আমি শুরুতে শিক্ষার্থী ইয়াসমিনকে কিছু বলার জন্য অনুরোধ করছি। আমি তাকে অনুরোধ করবো তাদের স্কুলের পোশাক, নিয়ম, লেখাপড়া ও বিশেষ করে ছাত্র-শিক্ষকের সম্পর্ক নিয়ে কিছু বলতে।

**2 8** **F1** বিজি ০০১ যাত্রীদের মনোযোগ আকর্ষণ করছি। আবহাওয়ার পূর্বাভাসে বৃষ্টি বলা সত্ত্বেও এখন ঝড় ও বজ্রপাত হচ্ছে। তাই ঢাকার আকাশে আপাতত বিমান ওঠানামা করছে না। আশা করছি বজ্রপাত বন্ধ হলেই আমরা রওয়ানা দেবো। ধন্যবাদ।

**2 9** **F1** বিজি ০০১ যাত্রীদের মনোযোগ আকর্ষণ করছি। ঢাকা থেকে আমাদের বিমান যাত্রা প্রতিকূল আবহাওয়ার কারণে বাতিল করা হয়েছে। যে সকল যাত্রী এই বিমানে ওঠার অপেক্ষায় আছেন তাঁদের বিমান কাউন্টারে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে। ধন্যবাদ।

**3 0** **F2** আমি নওশিন। আমি অনলাইনে কেনাকাটা করি। নানা রকম ব্র্যান্ডের জিনিস পাওয়া যায়। নিয়মিত কেনাকাটা করি তাই আমি কম্পানি থেকে অর্ধেক দামে জিনিস কেনার সুযোগ পাই। কিছু কিছু মূল্যহ্রাস সম্পর্কে আগে থেকেই ই-মেইলে জানতে পারি। কেনার পর জিনিস হাতে পেয়ে পছন্দ না হলে আমি সেটা বিনামূল্যে ফেরত পাঠাতে পারি।

**M1** আমি সাদেক। আমি মনে করি অনলাইনে কেনাকাটা যেকোনো সময় করা যায়। একই সাথে বিভিন্ন সাইটে খুঁজে দেখা যায় কোথায় পছন্দের জিনিসটি সস্তা। ঘর থেকে বের হয়ে দোকানে খুঁজে দেখতে হয় না। আর অনলাইনে টাকা লেনদেনও নিরাপদ।

**END OF TEST**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2020 AQA and its licensors. All rights reserved.